## নজর কাড়ল শিলিগুড়ি ওয়েলফেয়ারের অ্যাথলেটিকস

**নিজস্ব প্রতিনিধি, শিলিগুড়ি, ১২ ফেব্রুয়ারি ঃ** পোডিয়ামে ফিনিশের জন্য ২৭টি ইউনিটের ৪৫৫ জন অ্যাথলিটের হাড্ডাহাড্ডি লড়াই। বিতর্কহীন নিস্পত্তি। সব মিলিয়ে নজর কাড়ল শিলিগুড়ি অ্যাথলেটিকস ওয়েলফেয়ার অর্গানাইজেশনের নবম বর্ষের প্রতিযোগিতা। যেখানে সার্বিক চ্যাম্পিয়ন হয়ে পুরুষ বিভাগে সেরার মুকুট নিয়ে গেলেন মহম্মদ আবিদ (অ্যাথলেটিকস ওয়েলফেয়ার)। মহিলাদের সেরা তরাই অ্যাথলেটিক কোচিং ক্যাম্পের অঙ্কিতা দাস। এছাড়া বিভিন্ন বয়স বিভাগে চ্যাম্পিয়ন হয়েছে– আবিদ (পুরুষ) ও অ্যাথলেটিকস ওয়েলফেয়ারের সুস্মিতা মল্লিক (মহিলা), বেলাকোবা কিশোর সংঘের রেজাকুল আলম (অনূর্ধ্ব–১৮ ছেলে), হাতিঘিসা হাইস্কুলের প্রমীলা রাজগড় (অনূর্ধ্ব–১৮ মেয়ে), বেলাকোবা কিশোরের বিকাশ বসাক (অনূর্ধ্ব–১৬ ছেলে), অঙ্কিতা (অনূর্ধ্ব–১৬ মেয়ে), কেবলপাড়া হাইস্কুলের অসীম রায় (অনূর্ধ্ব–১৪ ছেলে) ও তরাইয়ের বৃষ্টি দাস (অনূর্ধ্ব–১৪ মেয়ে)। মিট রেকর্ড গড়ার পুরস্কৃত হয়েছেন– রাজেশকুমার শা (পুরুষদের ৫ হাজার মিটার), অলিভা সরকার (অনূর্ধ্ব–১৮ মেয়েদের ডিসকাস থ্রো), অঙ্কিতা (অনূর্ধ্ব–১৬ মেয়েদের লংজাম্প), বুল্টি রায় (অনূর্ধ্ব–১৬ মেয়েদের শটপাট), অদ্রিজা ভাওয়াল (মহিলাদের শটপাট), সুস্মিতা (মহিলাদের হাইজাম্প), বিকাশ (অনূর্ধ্ব–১৬ ছেলেদের লংজাম্প), রেজাকুল (অনূর্ধ্ব–১৮ ছেলেদের লংজাম্প), আবিদ (পুরুষদের লংজাম্প), মধুমিতা রায় (অনূর্ধ্ব–১৬ মেয়েদের ৮০০ মিটার), অনামিকা রায় (অনূর্ধ্ব–১৪ মেয়েদের ৬০০ মিটার), রেবিকা দত্ত (অনূর্ধ্ব–১৮ মেয়েদের ৪০০ মিটার) ও দীপালি সিং (অনূর্ধ্ব–১৮ মেয়েদের ৮০০ মিটার)। শুধু জয়–পরাজয় নয়, নতুন অ্যাথলিটদের উৎসাহিত করতে হাতিঘিসার রেখা সরকারের হাতে দীপেন্দ্রমোহন দত্ত ও জ্যোৎস্না দত্ত স্মারক আর্থিক পুরস্কার তুলে দিয়েছে অ্যাথলেটিকস ওয়েলফেয়ার। প্রতিযোগিতার উদ্‌বোধন করেন প্রাক্তন ভলিবলার তথা এসিপি অচিন্ত্য গুপ্ত। পুরস্কার তুলে দেন মহকুমা ক্রীড়া পরিষদের কার্যনির্বাহী সভাপতি অমরচন্দ্র পাল, অ্যাথলেটিকস ওয়েলফেয়ারের সহসভাপতি মনোজ তিওয়ারি, প্রতিষ্ঠাতা সদস্য দিলীপ ঘোষ প্রমুখ।

## বড়ো জয় বাঘাযতীনের

**ইসলামপুর, ১২ ফেব্রুয়ারি ঃ** ইসলামপুর স্পোর্টস অ্যাসোসিয়েশনের ৮ দলীয় নকআউট ক্রিকেটে সোমবার শিলিগুড়ির বাঘাযতীন অ্যাথলেটিক ক্লাব ১৪২ রানে কাটিহার রেলওয়েকে হারিয়েছে। কোর্ট মাঠে টসে জিতে বাঘাযতীন ৩০ ওভারে ৬ উইকেটে ২৮৬ রান তোলে। তাদের রাজেশ সাহানি সর্বোচ্চ ৭৬ রান করেন। অভিষেক শিকদারের অবদান ৪৯। জবাবে কাটিহার ২৪.৫ ওভারে ১৪৪ রানে গুটিয়ে যায়। অভিষেক ২৩ ও দেবপ্রিয় ঘোষ ৩১ রানে পেয়েছেন ৪ উইকেট। মঙ্গলবার খেলবে মালদার কল্যাণ সমিতি ও নেতাজি সংঘ।

## জিতল ফ্রেন্ডস

**নিজস্ব প্রতিনিধি, শিলিগুড়ি, ১২ ফেব্রুয়ারি ঃ** মহকুমা ক্রীড়া পরিষদের প্রথম ডিভিশন ক্রিকেট লিগে ফ্রেন্ডস ইউনিয়ন ক্লাব ৮৮ রানে হারিয়েছে বিধান স্পোর্টিং ক্লাবকে। তরাই স্কুল মাঠে টসে হেরে ফ্রেন্ডস ৩৫.২ ওভারে ১৫৩ রানে অলআউট হয়। অনিকেত মাহাতো ৪৭ ও কুণাল ভাওয়াল ৩৫ রান করেন। রাহুল নার্জারি ৪৩ রানে পেয়েছেন ৪ উইকেট। সুদীপ পাল ১৪ রান খরচ করে সমসংখ্যক উইকেট তুলে নেন। অন্য দুটি উইকেট গিয়েছে পিন্টু মাহাতোর (১৯–২) দখলে। জবাবে বিধান ৩১ ওভারে ৬৫ রানেই গুটিয়ে যায়। তাদের সর্বোচ্চ ২৩ রান শচীন গুপ্তর। আদিত্য হালদার ১০ ফেলে দেন ৪ উইকেট। ভালো বোলিং করেছেন মৃত্যুঞ্জয় ঘোষ (১৯–২)।

## সেমিতে দার্জিলিং

**নিজস্ব প্রতিনিধি, শিলিগুড়ি, ১২ ফেব্রুয়ারি ঃ** সুকনা গেমস অ্যান্ড স্পোর্টস অ্যাসোসিয়েশনের ২০ দলীয় সুকনা গোল্ড কাপ ফুটবলে সেমিফাইনালে উঠল দার্জিলিং ইউনাইটেড। সোমবার তৃতীয় কোয়ার্টার ফাইনালে তারা টাইব্রেকারে ৪–৩ গোলে সিকিম ইউনাইটেডকে হারিয়েছে। সুকনা হাইস্কুল মাঠে নির্ধারিত সময়ে ম্যাচ ২–২ গোলে অমীমাংসিত ছিল। দার্জিলিংয়ের গণেশ লিম্বু ও আশিস দেওয়ার গোল করেন। ইউনাইটেড সিকিমের গোলদাতা মায়াল ডাক ও আশিস ছেত্রী। ম্যাচের সেরা মায়াল। মঙ্গলবার চতুর্থ কোয়ার্টার ফাইনালে খেলবে রয়্যাল এফসি ও শিলংয়ের আর্মি ব্লু।

## ক্যারাটে কমিটি

**নিজস্ব প্রতিনিধি, শিলিগুড়ি, ১২ ফেব্রুয়ারি ঃ** দাদি বুলসরা আশিহারা আন্তর্জাতিক ক্যারাটের নর্থবেঙ্গল কমিটি রবিবার চম্পাসারিতে গঠিত হল। কমিটির চিফ প্যাট্রন মনোনীত হয়েছেন সিয়ান গমবেই ইয়োলমো। সভাপতি ও সহসভাপতি যথাক্রমে লিটন সাহা ও ভোলানাথ সরকার। সচিব ও সহসচিব হয়েছেন রামচন্দ্র ছেত্রী ও দেবাশিস দত্ত। কোষাধ্যক্ষ মীরা সারদা।

# জুভেন্তাস–টটেনহ্যামের হাড্ডাহাড্ডি লড়াই আজ

**তুরিন, ১২ ফেব্রুয়ারি ঃ** ভারতীয় সময় মঙ্গলবার রাত থেকে ফের ফিরছে চ্যাম্পিয়ন্স লিগ। ইউরোপের সেরা ক্লাবের লড়াইয়ের নকআউট পর্বের চ্যালেঞ্জ শুরু হচ্ছে এবার। রাউন্ড অফ ১৬–এর লড়াইয়ে প্রথম দিনেই মেগাফাইট। ইংলিশ প্রিমিয়ার লিগে ক্রমাগত নিজেদের কড়া প্রতিপক্ষ করে তোলা টটেনহ্যাম অ্যাওয়ে ম্যাচে খেলতে নামবে জুভেন্তাসের বিরুদ্ধে। ওল্ড লেডি অফ তুরিনের বিরুদ্ধে খেলতে গিয়েও নিজেদের খেলার ধরন না পালটানোর হুংকার ছেড়েছেন স্পার্স প্রশিক্ষক মৌরিসিও পোচেটিনো। চ্যাম্পিয়ন্স লিগের অপর ম্যাচে সুইজারল্যান্ডের মাটিতে খেলতে যাচ্ছে ম্যাঞ্চেস্টার সিটি। এফসি বাসেলের বিরুদ্ধে গ্রুপস্তরে খেলতে গিয়ে একাধিক দল হোঁচট খেলেও পেপ গুয়ার্দিওলার প্রশিক্ষণাধীন দল বর্তমানে যেরকম ছন্দে রয়েছে, তাতে অ্যাওয়ে ম্যাচেও ফেভারিট হয়েই নামবে তারা। যদিও চ্যাম্পিয়ন্স লিগের ম্যাচের আগে কোনোরকম ভবিষ্যদ্‌বাণী করাটা যে বোকামো ছাড়া কিছু নয়, সেটা প্রমাণ হয়েছে বারবার। সিটির ফর্মের জন্য তাদের খেলার দিকে নজর থাকলেও ব্লকবাস্টার টটেনহ্যাম–জুভেন্তাস ম্যাচ ঘিরেই ফুটবলপ্রেমীদের আগ্রহ বেশি।

যে ম্যাচ প্রসঙ্গে টটেনহ্যামের স্ট্রাইকার হ্যারি কেন জানিয়ে রেখেছেন, 'ম্যাচটা আমাদের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। খেলোয়াড় হিসেবে এইরকম ম্যাচ খেলার জন্যই সবাই মুখিয়ে থাকে।' ইংলিশ প্রিমিয়ার লিগে (ইপিএলে) নিজেকে প্রমাণ করলেও চ্যাম্পিয়ন্স লিগের ভালো পারফরম্যান্সই যে তাকে আলাদা জায়গা করে দেবে সেটা ভালোমতোই জানেন ইংল্যান্ডের এই স্ট্রাইকার। পাশাপাশি জুভেন্তাসের গ্র্যান্ড ওল্ড ম্যান জিয়ানলুইজি বুঁফোকে টপকানোর ক্ষেত্রে তার উপরেই বাড়তি দায়িত্ব থাকবে, এই ম্যাচে। জুভেন্তাসের রক্ষণভাগের স্তম্ভ জর্জিও চেলিনি ব্যাপারটা মাথায় রেখে বলেছেন, 'তিনবছর আগে যে কেনের আমাদের বিরুদ্ধে নেমেছিল, তার থেকে অনেকটাই উন্নতি করেছে ও। এক মরশুমে মেসির থেকেও যে বেশি গোল করে, তার কথা বিশেষ করে তো ভাবতেই হবে।' ম্যাচে নামার আগে টটেনহ্যাম প্রশিক্ষক পোচেটিনো জানিয়েছেন, আমাদের খেলার ধরন বজায় রাখাটাই প্রাথমিক লক্ষ্য। সুযোগ হলে স্বাভাবিক খেলার থেকে কিছুটা সাহসী হওয়ার চেষ্টা করা। তবে সবসময় মাথায় রাখতে হবে ইউরোপের অন্যতম সেরা ক্লাবের বিরুদ্ধে খেলতে নামছি আমরা। জুভেন্তাসকে গুরুত্ব দিলেও কেন, এরিকসনদের ফর্মের উপরে ভরসা রাখছেন পোচেটিনো। বিশেষ করে গ্রুপস্তরে রিয়াল মাদ্রিদকে হারানোয় প্রয়োজনীয় আত্মবিশ্বাস নিয়েই খেলতে নামছে তারা। ডেঞ্জারম্যান কেনকে আটকেই নিজেদের পালটা গেমপ্ল্যান সাজাচ্ছে জুভেন্তাস। পাশাপাশি জুভেন্তাস প্রশিক্ষক হিসেবে চ্যাম্পিয়ন্স লিগের অধরা মাধুরী পেতে এবারে পুরোটা দিয়ে ঝাঁপাতে চাইছেন তাদের কোচ ম্যাক্সিমিলিয়ানো আলেগ্রি।

অপরদিকে, ম্যাঞ্চেস্টার ইউনাইটেডকে গ্রুপস্তরে ঘরের মাঠে হারিয়ে চমক দেওয়া এফসি বাসেল ঘরের মাঠে নামবে ম্যাঞ্চেস্টার সিটির বিরুদ্ধে। ইতিমধ্যে ইপিএল ট্রফি পকেটে পুরে ফেলা পেপ গুয়ার্দিওলার দল আপাতত রয়েছে দুর্দান্ত ছন্দে। চূড়ান্ত আক্রমণাত্মক ফুটবলে একের পর এক প্রতিপক্ষকে হেলায় হারাচ্ছে তারা। অবশ্য, চ্যাম্পিয়ন্স লিগের গ্রুপপর্বে শাখতার ডোনেস্ক তাদের হারিয়ে দিয়েছিল। তাই ইউরোপের সেরা প্রতিযোগিতার ম্যাচে নামার আগে মোটেই ফুটবলারদের মধ্যে আত্মতুষ্টিতে স্থান দিতে চান না গুয়ার্দিওলা। ইংল্যান্ডে কোচিং করাতে এসে প্রথম মরশুমে ট্রফিহীন থাকার পরে সিটি দলটার খোলনলচেই কার্যত পালটে দিয়েছেন তিনি। আগুয়েরো, ডি'ব্রুয়েনা সমৃদ্ধ সিটি তাই অ্যাওয়ে ম্যাচেও কিছুটা এগিয়ে থেকেই নামছে।

**চ্যাম্পিয়ন্স লিগের ম্যাচ**

**জুভেন্তাস বনাম টটেনহ্যাম**

**এফসি বাসেল বনাম ম্যাঞ্চেস্টার সিটি**

**মঙ্গলবার রাত ১টা ১৫ মিনিট**

*এক ফ্রেমে ডেভিড বেকহ্যাম, বড়ো রোনাল্ডো ও রবার্তো কার্লোস।*

## বাঘাযতীনের ম্যাচ না পরিচালনা করার সিদ্ধান্ত আম্পায়ারদের

**নিজস্ব প্রতিনিধি, শিলিগুড়ি, ১২ ফেব্রুয়ারি ঃ** বাঘাযতীন অ্যাথলেটিক ক্লাবের ম্যাচ পরিচালনা করবে না শিলিগুড়ি রেফারি ও আম্পায়ার সংস্থা। সোমবার সন্ধেবেলায় মহকুমা ক্রীড়া পরিষদে সচিব অরূপরতন ঘোষের সঙ্গে বৈঠকের পর সিদ্ধান্তের কথা জানিয়ে দিয়েছে তারা। আম্পায়ার সংস্থার সচিব পরিমল ভৌমিক বলেছেন, 'নিরাপত্তার অভাববোধ করছি আমরা। তিনদিন আগে বাঘাযতীন–জিটিএসসি ম্যাচে স্কোরারকে নিগ্রহের পর মল্লার শূরচৌধুরি ও সংগ্রাম সিংহরায় আম্পায়ার রিপোর্টে পর্যাপ্ত নিরাপত্তা ব্যবস্থা না করা হলে আগামীতে খেলা পরিচালনা সম্ভব নয় বলে জানিয়েছিলেন। এরপর সচিব, ক্রিকেট সচিব জয়ন্ত ভৌমিক ও সহসচিব মনোজ ভার্মার সঙ্গে আলোচনার পর আমরা পূর্ব সিদ্ধান্ত থেকে সরে আসি। একই সঙ্গে আমরা পরিষদের কাছে তদন্ত করে সেদিনের ঘটনায় জড়িত বাঘাযতীনের কর্মকর্তা অরুণ ছেত্রী এবং দুই ক্রিকেটার চন্দন মণ্ডল ও জাভেদ আলমের বিরুদ্ধে শাস্তির আবেদন রেখেছিলাম। কিন্তু তিনদিন পরও অভিযুক্তদের বিরুদ্ধে কোনোরকম ব্যবস্থা নেওয়া হয়নি। তাই অভিযুক্তদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা না নেওয়া পর্যন্ত আমরা বাঘাযতীনের ম্যাচ পরিচালনা না করার সিদ্ধান্ত নিয়েছি।' সিএবি–র জেলা সংস্থার বৈঠকের জন্য কলকাতা রওনা হওয়ার আগে গোটা ঘটনায় নিজের হতাশা প্রকাশ করে অরূপরতনবাবু বলেছেন, 'আম্পায়ারকে সংস্থাকে বোঝানোর চেষ্টা করেছিলাম। কিন্তু ওরা যদি ম্যাচ পরিচালনা না করতে চায় তাহলে আমার কিছু করার নেই। তিনদিন আগে ঘটনা ঘটলেও শনিবার পরিষদের কার্যনির্বাহী কমিটির গুরুত্বপূর্ণ বৈঠক থাকায় এ ব্যাপারে কোনো পদক্ষেপ করতে পারিনি। পরদিন রবিবার পরিষদ অফিস বন্ধ ছিল। আজ অভিযুক্তদের শোকজ করা হয়েছে। দশদিনের মধ্যে উত্তর দিতে বলা হয়েছে। অভিযোগ প্রমাণিত হলে ওদের কঠোর শাস্তি দেওয়া হবে।' এদিকে, আগামীকালই সূচি অনুযায়ী উত্তরায়ণ মাঠে আঠারোখাই সরোজিনী সংঘের মুখোমুখি হওয়ার কথা ছিল বাঘাযতীনের। তবে রাতের দিকে উদ্ভুত পরিস্থিতিতে ক্রিকেট সহসচিব মঙ্গলবারের ম্যাচ স্থগিত করে দেওয়ার কথা জানিয়েছেন। সোমবার সুপার ডিভিশন লিগের ম্যাচে স্বস্তিকা যুবক সংঘকে হারিয়ে দেয় জিটিএসসি।

## হারল দাদাভাই

**নিজস্ব প্রতিনিধি, শিলিগুড়ি, ১২ ফেব্রুয়ারি ঃ** দাদাভাই স্পোর্টিং ক্লাবের প্রকাশচন্দ্র সাহা ট্রফি সাব–জুনিয়ার দিন–রাতের ক্রিকেটে সোমবার জলপাইগুড়ি এফইউসি ৮ উইকেটে জিতেছে আয়োজকদের কোচিং সেন্টারের বিরুদ্ধে। টসে জিতে দাদাভাই ২৫ ওভারে ৭ উইকেটে ১২০ রান করে। করণ মাহাতো ৪৪ ও কাজল দাস ২০ রান রেখে আসে। প্রীতম ঘোষ ২৩ রানে পেয়েছে ৩ উইকেট। ভালো বোলিং করেছে নাসেদ আহমেদও (১৮–২)। জবাবে এফইউসি ২০ ওভারে ২ উইকেটে ১২১ রান তুলে নেয়। ম্যাচের সেরা সৌরভ শর্মা ৩৫ রানে অপরাজিত থাকে। মঙ্গলবার খেলবে জলপাইগুড়ির নর্থবেঙ্গল ক্রিকেট সেন্টার ও ইছাপুরের শিশির দাস স্পোর্টস অ্যাসোসিয়েশন।

## জয়ী কমল–অরুণ

**নিজস্ব প্রতিনিধি, শিলিগুড়ি, ১২ ফেব্রুয়ারি ঃ** কিশোর সংঘের ভূপেন দে ও ছায়ারানি দে ট্রফি ওপেন অকশন ব্রিজে সোমবার প্রথম রাউন্ডে জয় পেয়েছেন কমল দাস–অরুণ বর্মন, নবীন চাকী–দুলাল ধর, শ্যামল দাস–প্রণব দাস, সঞ্জীব সরকার–সর্বেশ্বর ঘোষ ও সুকুমার গোস্বামী–মিহির দে। কিশোরের পক্ষে রবিন মজুমদার জানিয়েছেন, মঙ্গলবার থেকে শুরু হবে দ্বিতীয় রাউন্ডের খেলা।

## জয়ী ঘিরনিগাঁও

**চোপড়া, ১২ ফেব্রুয়ারি ঃ** চোপড়া পুলিশ প্রশাসনের ৮ দলীয় আন্তঃগ্রাম পঞ্চায়েত ফুটবলে সোমবার ঘিরনিগাঁও গ্রাম পঞ্চায়েত ১–০ গোলে দাসপাড়া গ্রাম পঞ্চায়েতকে হারিয়েছে। অন্য ম্যাচে চুটিয়াখোর একই ব্যবধানে লক্ষ্মীপুরের বিরুদ্ধে জয় পায়। গোল করেন বুলেট।

## প্রথম ভারতীয় হিসেবে সপ্ত চ্যানেল পার রোহনের

**কুক স্ট্রেট (নিউজিল্যান্ড), ১২ ফেব্রুয়ারি ঃ** এশিয়ার একমাত্র সাঁতারু হিসেবে ইতিহাস গড়লেন পুনের রোহন মোরে। বিশ্বের ৭টি চ্যানেল পার করে নজির গড়লেন তিনি। নিউজিল্যান্ডের ওশিয়ান সেভেন চ্যালেঞ্জ নিয়ে জলে নেমেছিলেন রোহন। এই প্রতিযোগিতায় বিশ্বের ৭টি দুর্গম চ্যানেল পার করতে হয় সাঁতার কেটে। আর তা শেষপর্যন্ত পূরণ করেন পুনের ছেলেটি। শুক্রবার নিউজিল্যান্ডের উত্তর ও দক্ষিণ দ্বীপপুঞ্জের কুক স্ট্রেট চ্যানেলটি তিনি পার হন ৮ ঘণ্টা ৩৭ মিনিটে। তারপরেই বিশ্বের কনিষ্ঠতম সাঁতারু হিসেবে সপ্ত চ্যানেল পার হওয়ার রেকর্ড গড়েন।

পুনের সেনাপতি বাপথ রোডের ছেলেটির বরাবরই সাগর, মহাসাগরের প্রতি অমোঘ টান। ১১ বছরে প্রথম ম্যারাথন জয়। সেই শুরু, তারপর গড়েছেন একাধিক রেকর্ড। তাঁর সম্মানে চলতি বছর মার্চেই তাঁকে লন্ডনের তরফে আন্তর্জাতিক ম্যারাথন সুইমিং হল অফ ফেম পুরস্কারে সম্মানিত করা হবে। আর তার আগেই গড়লেন অনন্য ইতিহাস। ২৬ কিলোমিটারের ভয়ংকর জলরাশি পেরিয়ে তাঁর বক্তব্য, '২০১৫ সাল থেকেই এই পথে সাঁতার কাটার চেষ্টা করছি। অবশেষে সুযোগ পেলাম এবং কমপ্লিট করতে পেরে আমি দারুণ খুশি। ২০১২ সাল থেকে সাতসমুদ্র চ্যালেঞ্জ শুরু করেছিলাম। তবে প্রতিকূল আবহাওয়ার জন্য কুক স্ট্রেটে নামতে পারেননি। অবশেষে সুযোগ পাওয়ায় নিজেকে খুব সৌভাগ্যবান মনে হয়েছে।' শেষপর্যন্ত ৪ ডিগ্রি সেলসিয়াসে প্রবল ঠান্ডাকেও হার মানিয়ে গন্তব্যে পৌঁছে দেশের পতাকা নিয়ে উচ্ছ্বাস করতে ভোলেননি।

### আজ কার্যত আই লিগের ফাইনাল

# ইস্টবেঙ্গলকে অনুশীলনই করতে দিল না মিনার্ভা

**পঞ্চকুলা, ১২ ফেব্রুয়ারি ঃ** আই লিগের খেতাবি দৌড়ের সবথেকে গুরুত্বপূর্ণ ম্যাচের আগে নাটক চরমে। ম্যাচের আগের দিন ইস্টবেঙ্গলকে অনুশীলনই করতে দিল না মিনার্ভা পাঞ্জাব। নিয়মকে বুড়ো আঙুল দেখিয়ে তারা যে ইস্টবেঙ্গলকে ম্যাচভেনু তাউ দেবী লাল স্টেডিয়ামে অনুশীলন করতে দেবে না, সেটা আগেই জানিয়ে দিয়েছিল। এদিকে, ম্যাচের আগের দিন মিনার্ভা অ্যাকাডেমির মাঠও ছাড়ল না পঞ্জাবের দলটি। বৃষ্টির মাঝে ইস্টবেঙ্গলকে অনুশীলন করতে দিলে মাঠ খারাপ হয়ে যেতে পারে, সরাসরি এই বার্তাই সোমবার সকালে ইস্টবেঙ্গলের টিম হোটেলে পাঠিয়ে দেয় মিনার্ভা পাঞ্জাব। স্বাভাবিক কারণেই গোটা বিষয়টা নিয়ে ক্ষোভের সঞ্চার হয় ইস্টবেঙ্গল দলে। চূড়ান্ত অসহযোগিতার ব্যাপারটা বুঝতে পেরে অনুশীলন করার ব্যাপারে জোরাজুরির জায়গা থেকে সরে আসে তারা। সকালের দিকে হোটেলের ছাদেই ফিজিক্যাল ট্রেনার গার্সিয়ার অধীনে জিম, স্ট্রেচিং, হালকা দৌড় করে সময় কাটান আমনা–কাটসুমিরা। অনুশীলন না করার প্রসঙ্গে উষ্মার সুরেই আমনা জানালেন, 'এধরনের ম্যাচের আগে বল নিয়ে অনুশীলন কার্যকরী ভূমিকা নেয়। মাঠে নাহলে নিজের ফিটনেসটাও বুঝতে পারতাম। তার জায়গায় শুধু স্ট্রেচিং করে কাটাতে হল। তবে আমরা তৈরি, এই ম্যাচে শুরুতেই গোল তুলে নিতে হবে।' একধাপ এগিয়ে ডুডু কার্যত তোপ দেগে বললেন, 'এরকম পরিস্থিতির মুখোমুখি হতে হবে ভাবিনি। ম্যাচের আগের দিনই অনুশীলনের সময় কোচ নিজের স্ট্র্যাটেজি ঠিক করেন। তা না হওয়ায় নিঃসন্দেহে ক্ষতি হল। তবে সেরাটা দিয়ে ৩ পয়েন্ট তুলে নিতে আমরা তৈরি।' ম্যানেজার মনোরঞ্জন ভট্টাচার্য অবশ্য কিছুটা নরম সুরে বললেন, 'সকাল থেকে প্রবল বৃষ্টির জেরে হোটেল থেকে বেরোনোই যায়নি। এছাড়া অন্য কোনো কারণ নেই। আর দলটা তো দীর্ঘদিন একসঙ্গে অনুশীলন করছে, তাই একটা অনুশীলনের সেশন মিস হওয়াতে অসুবিধা হবে না।' উল্লেখ্য, রবিবার রাত থেকে চণ্ডীগড়, পঞ্চকুলা সংলগ্ন জায়গায় শুরু হয়েছিল বৃষ্টি। বৃষ্টিতে ফুটবলের অনুশীলন আটকানোর কথা নয়। অনুশীলনের সুযোগ না পেলেও বিকেলের দিকে মূল স্টেডিয়াম দেখে আসেন ইস্টবেঙ্গলের ফুটবলাররা।

ইস্টবেঙ্গল কোচ খালিদ জামিলও জানিয়েছেন, 'কঠিন ম্যাচের আগে প্রস্তুতিতে ব্যাঘাত ঘটল। বিশেষ সেটপিস অনুশীলন করাতে চেয়েছিলাম এদিন। ঘরের মাঠে মিনার্ভার ফর্ম এবারে বেশ ভালো হলেও ইতিবাচক মানসিকতা নিয়ে খেলতে নামব আমরা। এই ম্যাচে দ্রুত গোল তুলে নিতে চাই। খেতাবের জন্য ১০০ শতাংশ দিয়ে ঝাঁপাব আমরা।' ইস্টবেঙ্গলের বিরুদ্ধে মিনার্ভাও যে আক্রমণাত্মক ফুটবল খেলতেই নামছে, সেটা স্বীকার করে নিয়েছেন মিনার্ভার কোচ খোগেন সিং। খালিদ জামিলের এয়ার ইন্ডিয়ার প্রাক্তন সতীর্থ খোগেন বলেছেন, 'এখনও লিগ জেতা হয়নি আমাদের, তাই বাকি সবকটা ম্যাচ গুরুত্বপূর্ণ। ইস্টবেঙ্গলের বিরুদ্ধে ম্যাচটা যে লক্ষ্যে বড়ো হার্ডল।' আর কোচের পাশে বসে বারাসতের ম্যাচের কথা মনে করিয়ে দিয়ে মিনার্ভার ফুটবলার সুখদেব সিং বলছিলেন, 'দ্বিতীয়ার্ধে রক্ষণাত্মক ফুটবল খেলতে গিয়ে দুটো গোল হজম করেছিলাম আমরা। এই ম্যাচে তেমনটা হবে না। ঘরের মাঠে সমর্থকদের পূর্ণ সমর্থন নিয়ে আক্রমণাত্মক ফুটবলই খেলব আমরা। এই ম্যাচে ৩ পয়েন্ট তুলে নিয়ে খেতাব পাকা করাটাই লক্ষ্য আমাদের।' আক্রমণাত্মক ফুটবলের মাঝে মিনার্ভার রক্ষণ সামলানোর ক্ষেত্রে বড়ো ভরসা হতে চলেছেন ইস্টবেঙ্গলের ছাঁটাই বাজি। খালিদের দলের বিরুদ্ধে তাঁর দলের দীর্ঘসময়ের বিদেশিই ভরসা খোগেনের। যে প্রসঙ্গে খালিদ অবশ্য সাবধানি সুরেই জানিয়ে রাখছেন, 'বাজিকে ছাড়াটা ঠিক সিদ্ধান্ত ছিল কিনা, সেটা এই ম্যাচেই প্রমাণ পেয়ে যাব আমরা।' বাজির উপরে খোগেন দায়িত্ব দিচ্ছেন কাটসুমিকে আটকানোর। চ্যালেঞ্জ নিতে প্রস্তুত কাটসুমি জানিয়েছেন, 'মরণবাঁচন ম্যাচ এটা। সমর্থকদের জন্য ম্যাচটা জিততে হবে। নিজের দায়িত্ব সম্পর্কে সকলেই ওয়াকিবহাল ও দলের সবাই তেতে রয়েছেন। যেকোনো মূল্যে তিন পয়েন্ট চাই আমাদের।'

রবিবার রাত থেকে বৃষ্টির জেরে মাঠ নিয়ে সংশয় তৈরি হলেও আগামীকাল আবহাওয়া পরিষ্কার থাকারই ইঙ্গিত মিলেছে সেখানকার আবহাওয়া দপ্তরের পক্ষ থেকে। এদিকে, মিনার্ভা ম্যাচে নামার আগে এদিন দুপুরে মোহনবাগান–গোকুলাম এফসির ম্যাচ দেখতে বসেছিল ইস্টবেঙ্গল। চিরপ্রতিদ্বন্দ্বীর হারের থেকেও পরের ম্যাচের প্রতিপক্ষ গোকুলামের ফর্ম তাদের চিন্তায় রাখবে।

*সাংবাদিক সম্মেলনে দুই দলের কোচ।*

**মিনার্ভা পঞ্জাব বনাম ইস্টবেঙ্গল**

**তাউ দেবী লাল স্টেডিয়াম, পঞ্চকুলা**

**ম্যাচ শুরু দুপুর ২ টো থেকে।**

**স্টার স্পোর্টস ২ চ্যানেলে**

## এশীয় পর্যায়ে সোনা জয় রায়গঞ্জের সোনিয়ার

**বিশ্বজিৎ সরকার ● রায়গঞ্জ**

**১২ ফেব্রুয়ারি ঃ** ১৮তম এশিয়ান গেমস ইনভাইটেশন টুর্নামেন্টে সোনা পেল রায়গঞ্জের মেয়ে সোনিয়া বৈশ্য। স্বাভাবিকভাবে খুশির জোয়ার রায়গঞ্জে। এটি অনুষ্ঠিত হচ্ছে ইন্দোনেশিয়ার জাকার্তায়। রবিবার ভারতের প্রতিনিধি হয়ে ৪০০ মিটার দৌড়ে মাঠে নামে সোনিয়া। প্রতিযোগিতায় এশিয়ার অন্যান্য দেশকে পেছনে ফেলে প্রথম স্থান অধিকার করে সে। সোনিয়া ৫৩.৫১ সেকেন্ডে ৪০০ মিটার দৌড় শেষ করে। সোনিয়ার বাবা বরেন বৈশ্য বলেন, গত বছরের সেপ্টেম্বর মাস থেকে ত্রিবান্দ্রমে সাই ক্যাম্পাসে প্রশিক্ষণ নিচ্ছিল সোনিয়া। ৯ ফেব্রুয়ারি এশিয়ান গেমসে অংশ নেওয়ার জন্য জাকার্তা উড়ে যায় সে। রবিবার প্রতিযোগিতায় অংশ নিয়ে সোনা পেয়েছে সে। ছোট্ট শহর থেকে এই সাফল্য পাওয়ায় খুশির হাওয়া রায়গঞ্জ শহরে।

অন্যদিকে, জেলার অন্যান্য ক্রীড়াপ্রেমীদের পাশাপাশি ক্রীড়া সংস্থার সম্পাদক সুদীপ বিশ্বাস বলেন, সোনিয়া আমাদের জেলার গর্ব। আন্তর্জাতিকস্তরে তার সাফল্য দেশকে গর্বিত করেছে। নতুন প্রজন্মের কাছে সোনিয়া অনুপ্রেরণা। জেলায় ফিরলে জেলা ক্রীড়া সংস্থার পক্ষ থেকে আমরা সংবর্ধনার আয়োজন করব। শহরের নেতাজিপল্লির সোনিয়ার বাড়িতে এখন খুশির জোয়ার। জেলাশাসক আয়েষা রানি এ বলেন, সোনিয়া রায়গঞ্জে ফিরলেই জেলা প্রশাসনের তরফ থেকে তাকে সংবর্ধনা দেওয়া হবে।

*সোনিয়া বৈশ্য*

## মহমেডানে সই কামোর

**নিজস্ব প্রতিনিধি, কলকাতা, ১২ ফেব্রুয়ারি ঃ** উইলিস প্লাজার পরে কামো বায়ি। ইস্টবেঙ্গলের ছাঁটাইয়ে জালে তোলার পরে এবার মোহনবাগানের বাতিল স্ট্রাইকারকে সই করাল মহমেডান স্পোর্টিং ক্লাব। চোট আঘাতের জেরে গোকুলাম এফসি দলের হয়ে আই লিগে ভালোমতো খেলতে পারেননি কামো। আপাতত আইভোরি কোস্টের এই স্ট্রাইকার রয়েছেন দেশে। মহমেডানের হয়ে সই করার পরে ২২ ফেব্রুয়ারি তার কলকাতায় চলে আসার কথা। চলতি মাসের শেষেই চলে আসবেন প্লাজাও। এবারে দ্বিতীয় ডিভিশন আই লিগে একজন এশিয়ান সহ মোট তিনজন বিদেশি সই করানো যাবে। দুজন বিদেশি স্ট্রাইকার নেওয়ার পরে একজন এশীয় ডিফেন্ডার সই করানোর লক্ষ্যে এগোচ্ছে সাদা–কালো শিবির। কথা চলছে উত্তর কোরিয়া ও আফগানিস্তানের দুই ডিফেন্ডারের সঙ্গে। এদিকে, সোমবার সকাল থেকেই দ্বিতীয় ডিভিশন আই লিগের জন্য অনুশীলন শুরু করে দিল মহমেডান। বিশ্বজিৎ ভট্টাচার্যের প্রশিক্ষণে এদিন মোট ২৯ জন অনুশীলন করেন। ব্যক্তিগত কারণে প্রথম দিনের অনুশীলনে অনুপস্থিত থাকা জিতেন মুর্মু ছাড়া ২০ জন খেলোয়াড়েরই সই হয়ে গিয়েছে। ট্রায়ালে রয়েছেন ৯ জন। কোচ বিশ্বজিৎ ভট্টাচার্য বলছিলেন, 'এবারের লড়াইটা শক্ত হতে চলেছে। তাই দ্রুত দলকে তৈরি করাটাই চ্যালেঞ্জ।' উল্লেখ্য, ৭টি আইএসএল ক্লাবের দল ছাড়াও ১১টি ক্লাব সহ মোট ১৮ ক্লাব এবারের আই লিগের দ্বিতীয় ডিভিশনের প্রাথমিক পর্বে নামবে। এখনও সূচি তৈরি না হলেও, শোনা যাচ্ছে ৩টি গ্রুপে ৬টি করে ক্লাবকে ভাগ করে প্রাথমিক যোগ্যতা অর্জন পর্বের খেলা হবে। যেখান থেকে ২টো করে ক্লাব উঠবে পরের রাউন্ডে। মূলপর্বে ৬ ক্লাবের চ্যাম্পিয়নরা পরের মরশুমে আই লিগে খেলার সুযোগ পাবে।

## সোনা দাবিন্দর, সোনিয়ার

**জাকার্তা, ১২ ফেব্রুয়ারি ঃ** এশিয়ান গেমসের ইনভাইটেশনাল টুর্নামেন্টে দারুণ পারফরম্যান্স করে সোনা জিতলেন দাবিন্দর সিং কাং ও সোনিয়া বৈশ্য। সোনিয়া–দাবিন্দরের সৌজন্যে টুর্নামেন্টে ভারত জিতল দুটি সোনা, তিনটি রুপো এবং তিনটি ব্রোঞ্জ। রবিবার জাকার্তায় অনুষ্ঠিত অ্যাথলিট টেস্টে ভারত অনবদ্য পারফরম্যান্স দেখায়। প্রথম ইভেন্টে জ্যাভলিন থ্রো করে সোনার পদক অধিকার করেন দাবিন্দর। এদিকে, জিতু বেবি রুপো জয় করেন পুরুষদের ৪০০ মিটার দৌড়ে। লংজাম্পে বাকি দুটি পদক পান ভি নিনা এবং নয়না জেমস। ১০০ মিটারে ব্রোঞ্জ পান এলাকিয়াদাসান কান্নাদাসান।

রাস্তাই আমাদের আস্থা

২৫,৪৮৭ কিমি গ্রামীণ রাস্তা নির্মাণের কাজ শুরু হয়েছিল,
ইতিমধ্যেই ১৮,৯১১ কিমি রাস্তা নির্মিত হয়েছে।

এবার একসাথে একদিনে আরও
১২,০০০ কিমি গ্রামীণ রাস্তা নির্মাণের ঘোষণা ও শুভারম্ভ করবেন

মাননীয়া মুখ্যমন্ত্রী
মমতা বন্দ্যোপাধ্যায়

তারিখ: ১৩ ফেব্রুয়ারি, ২০১৮ সময়: বেলা ১টা
স্থান: কৃষ্ণনগর, নদীয়া

গৌরবময় উপস্থিতি
শ্রী সুব্রত মুখোপাধ্যায়
মাননীয় ভারপ্রাপ্ত মন্ত্রী
পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন দপ্তর, পশ্চিমবঙ্গ সরকার

পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন দপ্তর, পশ্চিমবঙ্গ সরকার

...আই সি এ- ৩১৮(৮)/২০১৮...